

কলেজ অনার্সে ভর্তি পরীক্ষা ২১ মার্চ

যুগান্তর রিপোর্ট

আগামী ২১ মার্চ জাতীয় বিশ্ববিদ্যালয়
অধিভুক্ত সারাদেশের কলেজগুলোর অনার্স
পরীক্ষা : পৃষ্ঠা : ১৫ কলাম : ৪

পরীক্ষা : অনার্স

(১ম পৃষ্ঠার পর)

শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১
ফেব্রুয়ারি থেকে ১ মার্চ পর্যন্ত আবেদনপত্র
বিতরণ এবং ৩ মার্চ পর্যন্ত জমা নেয়া হবে।
গত বছরের মতো এবারও বিশ্ববিদ্যালয়
কর্তৃপক্ষ কেন্দ্রীয়ভাবে ভর্তি প্রক্রিয়া নিয়ন্ত্রণ
করবে।

সারাদেশের ১৫০টি কলেজে মোট ৩১টি
বিষয়ে আসন রয়েছে প্রায় ৮২ হাজার। গত
বছর সমসংখ্যক আসনের বিপরীতে ৯৪
হাজার পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ
করে। ২০০১ ও ২০০২ সালের উচ্চ
মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
ছাত্রছাত্রী যারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক
বা সমমানের দু'টি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয়
বিভাগ অথবা যে কোন একটিতে তৃতীয়
বিভাগ ও অন্যটিতে প্রথম বিভাগে পাস
করেছে কেবল তারাই ভর্তি পরীক্ষায়
অংশগ্রহণ করতে পারবে।

ভর্তিচ্ছু শিক্ষার্থী যে কলেজে ভর্তি হতে
ইচ্ছুক তাকে সে কলেজ থেকে মূল টাকার
বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।
পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য থেকে মেধাক্রম
অনুসারে শূন্য আসনে ছাত্রছাত্রী ভর্তি করা
হবে। নির্ধারিত পরীক্ষার ফলাফল প্রকাশের
পর উত্তীর্ণ পরীক্ষার্থী সংশ্লিষ্ট কলেজ থেকে
'চয়েস ফর্ম' সংগ্রহ করে সর্বোচ্চ তিনটি
বিষয়ে ভর্তির অনুরোধ চাইবে। মৌখিক
পরীক্ষার মাধ্যমে বিষয় বন্টন করা হবে।

এক কলেজে আসন ফুরিয়ে গেলে সংশ্লিষ্ট
কলেজ থেকে ছাড়পত্র সংগ্রহ করে
ছাত্রছাত্রীরা আসন শূন্য থাকার ভিত্তিতে
অন্য কলেজে ভর্তি হতে পারবে। মোট
১০০ নম্বরের এমসিকিউ পদ্ধতির ভর্তি
পরীক্ষা অনুষ্ঠিত হবে। বাংলা, ইংরেজি ও
সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন করা হবে।